কন্যাসন্তানের মা হলেন অভিনেত্রী শবনম বুবলী



অভিনেত্রী শবনম বুবলী। ছবি: সংগৃহীত

ঢালিউডের আলোচিত অভিনেত্রী শবনম বুবলী দ্বিতীয়বারের মতো মা হয়েছেন। প্রথম সন্তান শেহজাদ খান বীরের পর এবার তাদের পরিবারে এসেছে এক কন্যাসন্তান। শুক্রবার (৫ জুন) নিজের ভেরিফায়েড ফেসবুক অ্যাকাউন্টে এক আবেগঘন পোস্টের মাধ্যমে সুখবরটি ভক্তদের সঙ্গে ভাগাভাগি করেন তিনি।

ফেসবুক পোস্টে বুবলী লেখেন, মহান আল্লাহর অশেষ রহমতে তাদের পরিবারে কন্যাসন্তানের আগমন হয়েছে। এই আনন্দঘন সময়ে যারা দোয়া ও শুভকামনা জানিয়েছেন, তাদের প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করেন তিনি। পাশাপাশি নবজাতকের সুস্থতা ও সুন্দর ভবিষ্যতের জন্য সবার কাছে দোয়া চান এই অভিনেত্রী।

একই পোস্টে মেয়ের নামও প্রকাশ করেন বুবলী। নবজাতকের নাম রাখা হয়েছে ‘শার্লিন খান’। শিশুটির বাবা দেশের জনপ্রিয় চিত্রনায়ক শাকিব খান। জানা গেছে, গত ১১ মে কন্যাসন্তানটির জন্ম হয়েছে।

বুবলী ও শাকিব খানের সংসারে এর আগে ২০২০ সালের ২১ মার্চ জন্ম নেয় তাদের প্রথম সন্তান শেহজাদ খান বীর। সে সময়ও বিষয়টি বেশ আলোচনার জন্ম দিয়েছিল। যুক্তরাষ্ট্রের একটি হাসপাতালে জন্ম হয়েছিল বীরের।

প্রসঙ্গত, ২০১৮ সালের ২০ জুলাই গোপনে বিবাহবন্ধনে আবদ্ধ হন শাকিব খান ও বুবলী। পরে সন্তান জন্মের খবর প্রকাশের মাধ্যমে তাদের বিয়ের বিষয়টি প্রকাশ্যে আসে। এরপর থেকে ব্যক্তিজীবন নিয়ে বহুবার আলোচনায় ছিলেন এই তারকা জুটি।